

এসো হে গৃহদেবতা,  
 এ ভবন পুণ্যপ্রভাবে করো পবিত্র ।  
 বিরাজো জননী, সবার জীবন ভরি—  
 দেখাও আদর্শ মহান চরিত্র ॥

শিখাও করিতে ক্ষমা, করো হে ক্ষমা,  
 জাগায়ে রাখো মনে তব উপমা,  
 দেহো ধৈর্য হৃদয়ে—

সুখে দুখে সঙ্কটে অটল চিত্ত ॥  
 দেখাও রজনী-দিবা বিমল বিভা,  
 বিতরো পুরজনে শুভ্র প্রতিভা—  
 নব শোভাকিরণে

করো গৃহ সুন্দর রম্য বিচিত্র ।  
 সবে করো প্রেমদান পূরিয়া প্রাণ—  
 ডুলায়ে রাখো, সখা, আত্মাভিমান ।  
 সব বৈর হবে দূর  
 তোমারে বরণ করি জীবনমিত্র ॥

---

Parjaay: Anushthanik (14), Taal: Kaharwa, Raag: Ananda-Bhairavi  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail